গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

**সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের 'নৈতিকতা কমিটি'র ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ জাহাঙ্গীর আলম<br>সচিব |
| সভার তারিখ | : | ২৬ জুলাই ২০২৩ |
| সভার স্থান/মাধ্যম | : | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২.১ ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। সভাপতি শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখা, লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করেন।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (কর্মসম্পাদন ও ব্যবস্থাপনা) সভায় ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। সভায় কর্মপরিকল্পনার প্রত্যেকটি কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। সভায় আরো আলোচনা করা হয় যে, মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ২.১, ২.২, ২.৫, ৩.১, ৩.২, ৩.৩, ৩.৪, ৩.৫ কার্যক্রমে কিছু ভুলত্রুটি/অসংগতি রয়েছে যা সংশোধন করা প্রয়োজন। তাছাড়া দপ্তর/সংস্থাও তাদের নিজস্ব জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কোন ভুলত্রুটি বা অসংগতি রয়েছে কিনা তা পরীক্ষা নিরীক্ষাপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংশোধনের উদ্যোগ গ্রহণ করবে মর্মে সভায় গুরুত্ব আরোপ করা হয়। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২.১ কার্যক্রমের ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা নির্ধারিত ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে দ্রুত ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়েও সভায় নির্দেশনা প্রদান করা হয়।

২.৩ এছাড়া মন্ত্রণালয়ের নিজস্ব প্রকল্প না থাকায় PIC সভা করা সম্ভব হবে না বিধায় এবং প্রকল্পের যানবাহন হস্তান্তরের কার্যক্রম না থাকায় সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক ২.৪.২ এবং ২.৫.২ এর পরিবর্তে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক দুটি কার্যক্রম নির্ধারণ প্রয়োজন মর্মে সভায় মত ব্যক্ত করা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক. ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে কার্যকারী পদক্ষেপ গ্রহণ করতে হবে;

খ. মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা পুন:পরীক্ষাপূর্বক যাচিত ভুলত্রুটি/অসংগতি সমূহ মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ করে সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে;

গ. দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কোন ভুলত্রুটি বা অসংগতি রয়েছে কিনা তা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা পরীক্ষা নিরীক্ষা করবে এবং সংশোধনের প্রয়োজন হলে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে;

অপর পৃষ্ঠায় :

ঘ. জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২.১ কার্যক্রমের ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা নির্ধারিত ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

ঙ. কর্মসম্পাদন সূচক ২.৪.২ এবং ২.৫.২ এর যথাক্রমে PIC সভা ও প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তরিত এর পরিবর্তে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক দুটি কার্যক্রম নিতে হবে।

০৪। আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত /-
০১-০৮-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলম
সচিব

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৬.২৩-৯৪

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
২. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), ঢাকা
৪. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

01/08/2023

(মুহাম্মদ মিজানুর রহমান মিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৯৩
E-mail: performance@msw.gov.bd